পাপুল সরকারদলীয় নয়, স্বতন্ত্র সংসদ সদস্য : কুষ্টিয়ায় হানিফ

সংসদ সদস্য পাপুলের পদ্মা সেতুর দূর্নীতির বিষয়ে বিএনপির অভিযোগ প্রসঙ্গে আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহাবুব উল আলম হানিফ এমপি বলেছেন, পাপুল সরকারদলীয় নয়, স্বতন্ত্র সংসদ সদস্য। আর পাপুলের বিরুদ্ধে অর্থ আয়সহ যেসব দূর্নীতির অভিযোগ উঠছে সেইসব দূর্নীতিগুলো বিএনপির সময় হয়েছে।

যদি তার বিরুদ্ধে কোন দূর্ণীতির অভিযোগ থাকে তবে এর দায় বিএনপিকেই বহন করতে হবে। আর পদ্মা সেতুতে কোন দূর্ণীতি হয়নি এটা আর্ন্তজাতিক আদালতে প্রমাণিত। এটা বিএনপির কাল্পনিক অভিযোগ। এটা নিয়ে কথা বলার মাধ্যমেই প্রমান হয় এই কাল্পনিক অভিযোগের পেছনে বিএনপিরই মদদ ছিলো।

শনিবার দুপুর আড়াইটায় কুষ্টিয়ায় পিটিআই রোডে নিজ বাসভবনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন।

নির্বাচন নিয়ে হানিফ বলেন, পরিকল্পিতভাবে বিএনপি নির্বাচনে অংশই নেয় নির্বাচন কমিশন ব্যবস্থাকে বিতর্কিত করার জন্য। আর ভোটের সময় দেখা যায় তাদের কোন এজেন্ট থাকে না, ভোটার থাকেনা। আর প্রশাসনতো ভোটের সময় আইনশৃঙ্খলা রক্ষার জন্য নিরপেক্ষ একটা ভূমিকায় সক্রিয় থাকবে এটাই স্বাভাবিক। ভোটের নামে বিএনপির সন্ত্রাসীরা যদি নাশকতা করে তবে আইনশৃঙ্খলা বাহিনী ব্যবস্থা নেবেই। এতে তারা আওয়ামীলীগের লোকজনকেও ছাড় দেয়না।

এসময় স্থানীয় আওয়ামীলীগ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ায় মুখরিত পিঠা উৎসব:

উচ্ছ্বাসে আগত দর্শনার্থীরা

বাঙালির হাজার বছরের ঐতিহ্যবাহী সংস্কৃতির সঙ্গে মিশে আছে পিঠা। যখনই পিঠা-পায়েস, পুলি কিংবা নাড়ুর কথা উঠে তখনি যেন শীত ঋতুটি আমাদের চোখে ও মনে ভেসে ওঠে। প্রতি শীতেই গ্রাম বাংলার ঘরে ঘরে শুরু হয় পিঠা পুলির উৎসব।

খাদ্যরসিক বাঙালি প্রাচীনকাল থেকে প্রধান খাদ্যের পরিপূরক মুখরোচক অনেক খাবার তৈরি করে আসছে। তবে পিঠা সর্বাধিক গুরুত্বের দাবিদার। শুধু খাবার হিসেবেই নয় বরং লোকজ ঐতিহ্য এবং নারীসমাজের শিল্প নৈপুণ্যের স্মারক রূপেও পিঠা বিবেচিত হয়।

তেমনি কুষ্টিয়া পৌরসভার বটতলায় তিনব্যাপী পিঠা উৎসবের আয়োজন করে কুষ্টিয়া নারী উদ্যোক্তা।

শুক্রবার বিকেলে কুষ্টিয়া পৌরসভার মেয়র আনোয়ার আলী এ পিঠা উৎসবের উদ্বোধন করেন।

এসময় তিনি বলেন, বাঙালির ঐতিহ্য প্রবাহেরই একটি অংশ হচ্ছে পিঠা। এ দেশের লোকসংস্কৃতিরও অংশ সবার প্রিয় এই খাদ্যটি। আর পিঠাশিল্পীদের বানানো প্রতিটি পিঠায় থাকে প্রাণের ছোঁয়া, মিশে থাকে আবেগ- এটি পৃথিবীতে বিরল।

তিনি বলেন, পিঠা উৎসবের মুলেই রয়েছে ঢেঁকি। অথচ এখনকার মানুষ এই ঢেঁকি সম্পর্কে জানেই না। ঢেঁকি যেন জাদুঘরে রাখা লাগবে আগামীতে। তাই কুষ্টিয়ার নারী উদ্যোক্তারা যেভাবে আজকের এই পিঠা উৎসবের আয়োজন করায় ধন্যবাদ জানাই। তবে বরিশালের মেয়েরা পিঠা তৈরীতে আরও বেশি পারদর্শী। প্রয়োজনে বরিশাল গিয়ে আমাদের মা-বোনদের পিঠা তৈরী করা শিখে আসতে পারে বলেও যোগ করেন তিনি।

তিনি বলেন, ঢাকায় পিঠাঘর রয়েছে। যেখানে হরেক রকমের পিঠা তৈরী করা হেয়ে থাকে। তাই কুষ্টিয়াতে এরকম একটা পিঠা ঘর তৈরী করা যায় কিনা তা ভেবে দেখতে আজকের এই নারী উদ্যোক্তাদের প্রতি উদাত্ত আহবান জানান।

অনুষ্ঠানের সভাপতি নারী উদ্যোক্তা ও সফল ব্যবসায়ী মৌবনের নির্বাহী পরিচালক সাফিনা আনজুম জনি তার বক্তব্যে বলেন, আমরা নারী।আমরাও পারি।হাজার বছরের সমৃদ্ধশালী সংস্কৃতির উত্তরাধিকারী

আমরা। আমরা খাদ্যরসিক বাঙালি প্রাচীনকাল থেকে প্রধান খাদ্যের পরিপূরক মুখরোচক অনেক খাবার তৈরি করে আসছে। তবে পিঠা সর্বাধিক গুরুত্বের দাবিদার। শুধু খাবার হিসেবেই নয় বরং লোকজ ঐতিহ্য এবং নারীসমাজের শিল্প নৈপুণ্যের স্মারক রূপেও পিঠা বিবেচিত হয়। এদেশের নারী সমাজ লোকজ শিল্পকর্মে অত্যন্ত নিপুণ এবং সুদক্ষ।

সভাপতির বক্তব্যে তিনি আরও বলেন, বাঙালিরা চিরকালই অতিথি পরায়ণ। সামাজিক বন্ধনটিও শক্ত আমাদের।এই শহরে আমরা নারী উদ্যোক্তারা মিলে এই পিঠা উৎসবের আয়োজন করেছি এতে করে শহরের মানুষরা এখানে ছুটে আসবে। আনন্দ চিত্বে পিঠা উ’সবে অংশগ্রহণ করবে। পিঠা খাওয়ার পাশাাপশি আনন্দ করবে-সে আনন্দের ভাগ সবাই পাবে। এ জন্যই শীতে আমাদের এই আয়োজন।

অনষ্ঠানে সঙ্গীত শিল্পী ও শিক্ষক কোহিনুর খানম, নারীনেত্রী ও হাটশহরিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এম শম্পা মাহমুদ, আফরোজা আক্তার ডিউসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

প্রাণের টানে ছুটে আসা সর্বস্তরের মানুষের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে মুখরিত হয়ে ওঠেছে উৎসবস্থল। শীতের পিঠা-পুলিসহ নানা বৈচিত্র্যময় পিঠার পসরা সাজিয়ে উৎসবে আগত দর্শনার্থীদের মনোযোগ কেড়েছে পিঠা উৎসবে অংশ নেয় স্টলগুলো। সেই পসরায় মুগ্ধ হয়ে স্টলে স্টলে পিঠা খেতে ভিড় জমিয়েছেন সকল বয়সের মানুষ।

তিন দিনব্যাপী এ উৎসবের অংশ হিসেবে প্রতিদিন সকাল থেকে রাত ৮টা পর্যন্ত পিঠা উৎসব চলবে। পাশাপাশি উৎসবস্থলের বটমুলে উন্মুক্ত মঞ্চে অনুষ্ঠিত হচ্ছে নাচ, গান, আবৃত্তিসহ নানা ধরনের সাংস্কৃতিক কার্যক্রম। এতে বিভিন্ন শিল্পীদের পাশাপাশি অংশ নিচ্ছেন সময়ের সম্ভাবনাময় ও প্রতিশ্রুতিশীল শিল্পীরা।আগামী রবিবার শেষ হবে এ অনুষ্ঠান।

কোটচাঁদপুর পৌর নির্বাচনে

শান্তিপূর্ণভাবে ভোট গ্রহন, চলছে গণনা

শীতের সকালে পৌর পিতা নির্ধারণ করতে উৎসব মূখর পরিবেশে ঝিনাইদহের কোটচাঁদপুর পৌর নির্বাচনে শান্তি পূর্ণভাবে ভোট গ্রহন শেষে চলছে।

শনিবার সকাল ৮ টা হতে বিকাল ৪ পর্যন্ত পৌরসভার ৯টি ওয়ার্ডের ১৮টি বুথে ভোট গ্রহন শুরু হয়। কনকনে শীতের সকালে বিভিন্ন কেন্দ্রে ভোটাররা স্বতঃস্ফূর্তভাবে লাইনে দাড়িয়ে নিজেদের ভোট প্রদানে যায়।

নির্বাচনে নারী ভোটারের উপস্থিতি বেশি লক্ষ্য করা যায়। এর আগে শুক্রবার সকল কেন্দ্রে ব্যালট বাক্স ও নির্বাচনী সরঞ্জামদি পৌছানো হলেও শনিবার সকালে ব্যালট পেপার পৌছানো হয়।

নির্বাচনে মেয়র পদে প্রধান দুই রাজনৈতিক দলের প্রার্থী নৌকা ও ধানের শীষ প্রতীকে প্রতিদ্বন্দ্বিতা করলেও লড়াই হচ্ছে মূলত বিএনপি প্রার্থী সালাহউদ্দীন বুলবুল সিডল এবং আ.লীগের (বিদ্রোহী) স্বতন্ত্র প্রার্থী সহিদুজ্জামান সেলিম এর মধ্যে।

এছাড়াও সাধারণ কাউন্সিলর হিসাবে ৩৪ এবং সংরক্ষিত মহিলা কাউন্সিলর হিসাবে ১২ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। উপজেলা নির্বাচন অফিস সূত্রমতে পৌর নির্বাচনে ২৭ হাজার ৪’শ ৯৩ জন ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন। যার মধ্যে পুরুষ ভোটার ১৩ হাজার ৪’শ ৮৫ এবং মহিলা ভোটার ১৪ হাজার ৮ জন।

এদিকে নির্বাচন অবাধ, সুষ্ঠ ও নিরপেক্ষ এবং আইন-শৃঙ্খলা বজায় রাখতে পৌরসভার ১৪টি ভোট কেন্দ্রে ১৪ জন নির্বাহী ম্যাজিষ্ট্রেট এবং ৩ প্লাটন বিজিবি,৩ প্লাটন র্যাব সহ পুলিশ ও আনসার সদস্য মোতায়েন করা হয়েছে।

পৌর সভার ৯টি ওয়ার্ডে ১৪টি ভোট কেন্দ্রের ৮৫টি বুথে ভোট গ্রহন চলছে। নির্বাচনে যে কোন প্রকার সং◌িসতা এড়াতে কঠোর অবস্থানে রয়েছেন আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী।

দর্শনা পৌরসভা নির্বাচন, বিএনপি প্রার্থীর ভোট বর্জন

বিএনপি প্রার্থীর ভোট বর্জনের মধ্য দিয়ে চুয়াডাঙ্গার দর্শনা পৌরসভার নির্বাচন শেষ হয়েছে। নির্বাচন চলাকালে কোনো অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি। শান্তিপূর্ণভাবে শেষ হয়েছে ভোটগ্রহণ।

চুয়াডাঙ্গার দর্শনা পৌরসভার মেয়র পদে প্রার্থী ছিলেন তিনজন। এরা হলেন, আওয়ামীলীগ মনোনীত মতিয়ার রহমান (নৌকা), বিএনপি মনোনীত প্রার্থী হাবিবুর রহমান (ধানের শীষ) ও স্বতন্ত্র প্রার্থী আশকার আলী (মোবাইলফোন)।

নির্বাচনে ভোটগ্রহণ চলাকালে বেলা পৌনে ১২টায় ধানের শীষের প্রার্থী হাবিবুর রহমান দর্শনা পুরাতন বাজারে এক সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে ভোটবর্জনের ঘোষণা দেন। তিনি অভিযোগ করেন, অনেক ভোটকেন্দ্র থেকে তার নির্বাচনী এজেন্টদের বের করে দেওয়া হয়েছে। সুষ্ঠুভাবে নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে না।

এজন্য তিনি ভোটবর্জনের সিদ্ধান্ত নিয়েছেন। বেলা চারটায় এ রিপোর্ট লেখা পর্যন্ত নির্বাচনী এলাকায় কোনো অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি। এ নির্বাচনে মেয়র পদে তিনজন, সংরক্ষিত মহিলা কাউন্সিলর পদে আটজন ও কাউন্সিলর পদে ৩৯ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করেন।

মেহেরপুরে মুক্তিযোদ্ধা যাচাই বাছাই শুরু

মেহেরপুর জেলায় ৩৬৭ জন মুক্তিযোদ্ধাদের সনদ পুনরায় যাচাই বাছাই

করা হচ্ছে।

শনিবার প্রথম দিনে জেলায় ১৩২ জন মুক্তিযোদ্ধাদের যাচাই বাছাই সম্পন্ন হয়েছে। এর মধ্যে মেহেরপুর সদর উপজেলায় ৫০ জন, মুজিবনগর উপজেলায় ৫৭ জন ও গাংনী উপজেলায় ২৫ জন।

আগামী ১ ও ২ ফেব্রুয়ারি বাকি মুক্তিযোদ্ধাদের যাচাই বাছাই করা হবে। মেহেরপুর সদরে যাচাই বাছাই কমিটিতে ছিলেন সভাপতি হিসেবে মুক্তিযোদ্ধা হুময়ুন কবির আরজু, সদস্য সচিব হিসেবে ছিলেন উপজেলা নির্বাহী অফিসার মাসুদুল আলম, সদস্য মুক্তিযোদ্ধা জিল্লুর রহমান ও মুক্তিযোদ্ধা আনোয়ার হোসেন।

গাংনীতে সভাপতি হিসেবে ছিলেন মুক্তিযোদ্ধা ড. আশরাফুল ইসলাম, সদস্য সচিব উপজেলা নির্বাহী অফিসার আর এম সেলিম শাজনেওয়াজ, সদস্য মুক্তিযোদ্ধা তাহাজ উদ্দিন ও মুক্তিযোদ্ধা মুনতাজ উদ্দিন।

মুজিবনগরে ছিলেন, সভাপতি হিসেবে মুক্তিযোদ্ধা লুৎফর রহমান, সদস্য সচিব উপজেলাস নির্বাহী অফিসার সুজন সরকার, সদস্য মুক্তিযোদ্ধা হারান ফকির ও মুক্তিযোদ্ধা বরকত আলী।
উল্লেখ্য, জামুকার প্রতিষ্ঠার পর থেকে ভারতীয় তালিকা বা লাল মুক্তিবার্তায় (চুড়ান্ত লাল বই) বীর মুক্তিযোদ্ধা হিসেবে নাম অন্তর্ভুক্ত থাকার পরও এবং জামুকার সুপারিশ ছাড়া যাঁদের নাম ‘বেসামরিক গেজেটে’ প্রকাশিত হয়েছে, তাঁরা প্রকৃত বীর মুক্তিযোদ্ধা কি না, তার যথার্থতা নির্ধারণের জন্য যাচাই-বাছাইয়ের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

মুক্তিযোদ্ধাকে যেসব তথ্য দিতে হবে- পিতা-মাতাসহ নিজের নাম, বেসামরিক গেজেট নম্বর, জন্ম তারিখ, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জাতীয় পরিচয় পত্র নম্বর, মুক্তিযুদ্ধে অংশগ্রহণ এর সময়-কাল, মুক্তিযুদ্ধের আগের ভূমিকা প্রশিক্ষণ গ্রহণের স্থান, অস্ত্র পরিচালনা সংক্রান্ত তথ্য, কোন কোন জায়গায় সম্মুখ যুদ্ধে অংশ নিয়েছেন, যুদ্ধকালীন কমান্ডারদের নাম, সেকশন কোম্পানি প্লাটুন কমান্ডার কে ছিলেন, কোথায় কি ধরনের অস্ত্র সমর্পণ করেছেন, সেক্টর কমান্ডারের নাম, ভারতে ট্রেনিংরত অবস্থায় দেশ স্বাধীন হলে পরবর্তী ভূমিকা কি ছিল, ভারতীয় তালিকা লাল মুক্তিবার্তায় নাম রয়েছে এমন তিনজন মুক্তিযোদ্ধার প্রত্যায়ন।

হরিণাকুন্ডুতে দুই কাউন্সিলর প্রার্থীর সমর্থকদের সংঘর্ষ, পুলিশের গুলি

ঝিনাইদহের হরিণাকুন্ডু পৌর সভায় ভোট চালাকালে শনিবার সকাল দুই কাউন্সিলর প্রার্থীর সমর্থকদের সাথে সংঘর্ষের ঘটনা ঘটে। সংঘর্ষে এক কাউন্সিলর প্রার্থীর সমর্থক গুরুত্বর আহত হন তাকে কুষ্টিয়া সদরে রিফার্ড করা হয়েছে। পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে গুলি ছোড়ে।

সকাল ১১টার দিকে হরিণাকুন্ডু পৌরসভার ৫ নং ওয়ার্ডের জোড়াপুকুর-মান্দারতলা কেন্দ্রে ২ কাউন্সিলর প্রার্থী বোতল মার্কা ও উটপাখি মার্কার সমর্থকদের মধ্যে ধাওয়া পাল্টা ধাওয়া ও ভোট কেন্দ্র ভাংচুরের ঘটনা ঘটে। সংঘর্ষে কাউন্সিলর পার্থী সিদ্দিক মাস্টারের (উট পাখি মার্কা) সমর্থক সাগর (৪২) নামে একজন দায়ের আঘাতে মাথায় গুরুতর আহত হয়েছেন। তাকে হরিণাকুন্ডু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। সাগর আলী মান্দারতলা গ্রামের বাসিন্দা।

সংঘর্ষ চলাকালে পরিস্থিতি নিয়ন্ত্রণ নিতে গুলি ছোঁড়ে পুলিশ। এই কেন্দ্রে সাময়িকভাবে ভোটগ্রহণ বন্ধ রয়েছে বলে জানিয়েছেন প্রিজাইডিং কর্মকর্তা। পরিস্থিতি স্বাভাবিক হলে আবার ভোটগ্রহণ শুরু হবে।

অন্যান্য কেন্দ্রগুলোতে কঠোর আইনপ্রয়োগের মাধ্যমে ভোটগ্রহণ চলছে। এই কেন্দ্রে র্যাব, বিজিবি ও পুলিশ মোতায়েন রয়েছে।

৩য় ধাপের পৌরসভা নির্বাচনে শনিবার সকাল থেকে ঝিনাইদহের হরিণাকুন্ডু ও কোটচাঁদপুর পৌর সভায় ভোটগ্রহণ চলছে।

গাংনীতে অনলাইন প্রতিষ্ঠান Cakes o’ Clock এর “গেট টুগেদার অনুষ্ঠিত

মেহেরপুর জেলার গাংনী উপজেলা পরিষদ অডিটোরিয়ামে #গেট টুগেদার ২০২১ শিরোনামে অনুষ্ঠানের আয়োজন করা হয়।

গাংনী উপজেলার বিভিন্ন স্কুল এবং কলেজের শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে সংক্ষিপ্ত আলোচনা, উদ্বোধনী অনুষ্ঠান, ক্রীড়া প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরষ্কার বিতরণীর মধ্যদিয়ে #গেট টুগেদার ২০২১ অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন Cakes o’ Clock এর পরিচালক কামরুল হাসান (টুটুল), বিশিষ্ট সামাজিক ব্যাক্তিত্ব ও মেহেরপুর কন্যাশিশু এডভোকেসিস ফোরামের সভাপতি সিরাজুল ইসলাম, ডাচ বাংলা এজেন্ট ব্যাংকিং গাংনী শাখার পরিচালক খোরশেদ আলম, গাংনী সরকারি ডিগ্রী কলেজের প্রভাষক একেএম কামরুজ্জামান বাদল, গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয় ও কলেজের শিক্ষক রাকিব ইসলাম প্রমুখ।

উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্যে Cakes o’clock এর পরিচালক কামরুল হাসান (টুটুল) বলেন, Cakes o’clock অত্যন্ত মানসম্মত ও সুস্বাদু কেক সরবরাহের পাশাপাশি বর্তমান তরুণ প্রজন্মকে মূল ধারার ক্রীড়া ও সাংস্কৃতিক চর্চার মধ্যে ফিরিয়ে আনতে চাই। এরই ধারাবাহিকতায় আজকের #গেট টুগেদার ২০২১অনুষ্ঠানের আয়োজন।

তিনি আরো জানান, মেহেরপুর জেলা ব্যাপী প্রথমবারের মতো আগামী মাসে একটি কেক মেলার আয়োজন করতে যাচ্ছে Cakes o’clock।

অনুষ্ঠানে অংশগ্রহণকারী শিক্ষার্থীরা জানিয়েছে, গাংনীতে কোন ফুড কোম্পানির এ ধরণের অনুষ্ঠান আয়োজন আগে কখনো দেখিনি। সুস্বাদু কেক আর প্রিয় বন্ধুদের সাথে দীর্ঘদিন পর দিনটি উপভোগ করতে পেরে বেশ আনন্দিত। আমাদের নিয়ে এতো সুন্দর ও উৎসবমুখর আয়োজন করার জন্য Cakes o’ Clock কে অনেক ধন্যবাদ।

মার্কিন ক্যাপিটল ভবনে হামলার ঘটনা নিয়ে ডিসকোভারির তথ্যচিত্র

চলতি বছরের ৬ জানুয়ারি মার্কিন গণতন্ত্রের ইতিহাসে ‘কালো দিন’ হিসেবে স্মরণীয় হয়ে থাকবে। এদিন অধিবেশন চলাকালীন মার্কিন আইনসভায় হামলা চালায় উন্মত্ত ট্রাম্প সমর্থকরা। সেই দিন আসলে কী হয়েছিল? হঠাৎ কীভাবে এতটা হিংসাত্মক হয়ে ওঠে পরিস্থিতি? মার্কিন গণতন্ত্রকে কলঙ্কিত করা সেই দিনের অভ্যন্তরের আসল ঘটনা নিয়ে ‘স্টর্মিং দ্য ক্যাপিটল: দ্য ইনসাইড স্টোরি’ নামে একটি তথ্যচিত্র তৈরি করেছে ডিসকোভারি। সংস্থার ওটিটি প্ল্যাটফর্মে দেখা যাচ্ছে তথ্যচিত্রটি।

ঘটনার দিন ক্যাপিটল ভবনের বাইরের উত্তেজনা দুনিয়ার নজরে এলেও ভেতরে তার কয়েকগুণ বেশি তাণ্ডবলীলা চলেছিল। যা ধরা পড়ে শুধুমাত্র একটি সংবাদমাধ্যমের ক্যামেরায়। হাই সিকিউরিটি জোনে একমাত্র উপস্থিত ছিলেন আইটিভির রবার্ট মুর, প্রযোজক সোফি আলেকজান্ডার এবং ক্যামেরাম্যান মার্ক ডেভি। ট্রাম্প সমর্থকদের আক্রোশ আর ধ্বংসাত্মক কীর্তির সাক্ষী ছিল একমাত্র ওই সংবাদমাধ্যম। ঘটনার তিন সপ্তাহ বাদে ওই ফুটেজগুলি দিয়েই তৈরি ক্যাপিটল ভবনে হামলার এই তথ্যচিত্র প্রকাশ পায়। যা দেখে আরও একবার রীতিমতো চমকে উঠেছে গোটা দুনিয়া।

তথ্যচিত্রে রিপাবলিকান কংগ্রেস সদস্য ন্যান্সি ম্যাস ওই দিনের অভিজ্ঞতা সম্পর্কে বলেন, “ঘটনার দিন আমরা অফিসের ভিতর দরজা বন্ধ করে লাইট নিভিয়ে লুকিয়ে বসেছিলাম। ভয়ানক আতঙ্কের ছিল প্রতিটা মুহূর্ত। দিনটি ছিল যুক্তরাষ্ট্রের ইতিহাসে সবচেয়ে দুঃখের।”

যুক্তরাষ্ট্রেও এমন হয়? বিস্মিত গোটা দুনিয়া। ট্রাম্পের ভাষণের পরপরই সারা বিশ্বকে সাক্ষী রেখে তার অনুগামী-সমর্থকরা যাবতীয় নিরাপত্তা বেষ্টনী ভেঙে ক্যাপটল বিল্ডিংয়ে হামলা চালায়। এ ঘটনায় গ্রেফতার করা হয় ৫২ জনকে। বিল্ডিংয়ের নিরাপত্তার দায়িত্বে থাকা

অফিসার পল আর্ভিং জানায়, ভবনের নিরাপত্তা বলয় ভেঙে ঢুকে পড়ে একদল বিক্ষোভকারী। হাতে ট্রাম্পের নাম লেখা পতাকা, মুখে ট্রাম্পের জয়ের স্লোগান। মার্কিন সংসদে তখন জো বাইডেনকে সরকারি ভাবে পরবর্তী প্রেসিডেন্ট হিসেবে ঘোষণার প্রস্তুতি চলছিল।

ক্যাপটাল হিলে অনাকাঙ্ক্ষিত ওই হামলায় গোটা ওয়াশিংটন ডিসিতে প্রায় লকডাউন জারি করতে বাধ্য হয় মার্কিন পুলিশ। হিংসাত্মক এই ঘটনায় প্রাণ হারান পাঁচজন। এই পুরো ঘটনার দায় সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের উপরই বর্তায়। ঘটনার জেরে প্রথম এবং একমাত্র মার্কিন প্রেসিডেন্ট হিসেবে দ্বিতীয়বারের জন্য ইমপিচ করা হয় ট্রাম্পকে। যুক্তরাষ্ট্রের ইতিহাসে যা নজিরবিহীন ঘটনাই বটে।

ফেব্রুয়ারি পর্যবেক্ষণের পর শিক্ষাপ্রতিষ্ঠান খোলার বিষয়ে সিদ্ধান্ত: প্রধানমন্ত্রী

করোনাভাইরাস মহামারী কারণে গত বছরের মার্চ মাস থেকে বন্ধ রয়েছে দেশের সকল শিক্ষাপ্রতিষ্ঠান। কবে থেকে এসব প্রতিষ্ঠান খোলা হবে তা নিয়ে অনিশ্চিয়তা এখনও কাটেনি। এমতাবস্থায় এ বিষয়ে কথা বলেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

তিনি বলেছেন, আগামী ফেব্রুয়ারি মাস পর্যবেক্ষণের পর মার্চ-এপ্রিলে পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে।

শনিবার সকাল সাড়ে ১০টায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট মিলনায়তনে আনুষ্ঠানিকভাবে ডিজিটাল পদ্ধতিতে এইচএসসি ও সমমান পরীক্ষার ফল প্রকাশ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এ কথা বলেন।
এ সময় গণভবন থেকে অনলাইনে যুক্ত হয়ে এইচএসসি ও সমমানের পরীক্ষার ফল ঘোষণার উদ্বোধন করেন তিনি।

প্রধানমন্ত্রী জানান, ফেব্রুয়ারিতে করোনা পরিস্থিতি ভালো হলে

মার্চ বা এপ্রিলে সীমিত পরিসরে শিক্ষাপ্রতিষ্ঠান খুলে দেওয়া হতে পারে। এছাড়া, শিক্ষাপ্রতিষ্ঠান সংশ্লিষ্ট সবাইকে দ্রুত ভ্যাকসিনেশন কর্মসূচির আওতায় নিয়ে আসা হবে বলেও জানান তিনি।

শেখ হাসিনা বলেন, শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রাখায় অনেকেই সরকারের সমালোচনা করছেন। কিন্তু শিক্ষা প্রতিষ্ঠানে সরাসরি পরীক্ষা নেওয়ার ফলে কোনও শিক্ষার্থী যদি সংক্রমিত হয়, তার দায় কী সমালোচনাকারীরা নেবেন? নিশ্চয়ই নেবেন না। তখন তারা ভিন্ন পন্থা অবলম্বন করতেন। তারা শুধু অহেতুক সমালোচনাই করতে পারেন, কিন্তু পরিস্থিতি অনুযায়ী কার্যকর কোনও সিদ্ধান্ত দিতে পারেন না।

অটোপাস দেওয়ার বিষয়েও ব্যাখ্যা দেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, অনেকে পরীক্ষা ছাড়া অটোপাস পদ্ধতি নিয়ে অনেকরকম কথা বলার চেষ্টা করছেন। শিক্ষার্থীদের জীবনের কথা ভেবেই এই পদ্ধতিতে ফল দেওয়া হয়েছে। এ নিয়ে তিক্ত বা বিরূপ মন্তব্য করা থেকে সমালোচনাকারীদের বিরত থাকতে অনুরোধ করেন তিনি।

জিপিএ-৫ পেয়েছে ১ লাখ ৬১ হাজার ৮০৭ শিক্ষার্থী

এ বছর এইচএসসি ও সমমান পরীক্ষায় জিপিএ-৫ পেয়েছে ১ লাখ ৬১ হাজার ৮০৭ শিক্ষার্থী। গত বছর এ সংখ্যা ছিল ৪৭ হাজার ২৮৬। এ বছর জিপিএ-৫ এর শতকরা হার ১১.৮৩ ভাগ। গত বছর এ হার ছিল ৩.৫৪ ভাগ।

এইচএসসি ও সমমান পরীক্ষায় এ বছর শিক্ষার্থী সংখ্যা ছিল ১৩ লাখ ৬৭ হাজার ৩৭৭। পাশের হার শতভাগ।

গত বছরের ১ এপ্রিল থেকে এসএসসি ও সমমানের পরীক্ষা হওয়ার কথা থাকলেও করোনাভাইরাসের মহামারীর কারণে তা আর নেওয়া যায়নি। সে কারণে অষ্টমের সমাপনী এবং এসএসসির ফলাফলের গড় করে ২০২০ সালের এইচএসসির ফল নির্ধারণ করা হয়েছে। পরীক্ষা ছাড়া ফল প্রকাশের জন্য আইনও সংশোধন করতে হয়েছে।